গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

**বিশেষ আদেশ**

নং- ০৩/মূসক/২০১৫ তারিখঃ ২৫ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ/০৮ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ।

যেহেতু বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম নির্মাণের জন্য Goto. Inc. Japan নামীয় একটি জাপানি প্রতিষ্ঠানকে দায়িত্ব দেয়া হইয়াছে এবং নির্মিত ছবিটির বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর পর্যবেক্ষনের আলোকে ছবিটির রি-ডুইং এর প্রয়োজন; এবং

যেহেতু উক্ত রি-ডুইং কাজের বিপরীতে অর্থ বিভাগ হইতে সর্বমোট ৮৪,৯২,৬০,০০০.০০/- (চার কোটি বিরানব্বই লক্ষ ষাট হাজার) টাকা বরাদ্দ দেয়া হইয়াছে ও উক্ত সম্পূর্ন অর্থই উল্লিখিত জাপানি নির্মাণ প্রতিষ্ঠানকে প্রদান করিতে হইবে এবং সংশ্লিষ্ট বিলের বিপরীতে পরিশোধযোগ্য মূল্য সংযোজন কর (মূসক) পরিশোধের জন্য কোন অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হয়নি; এবং

যেহেতু উক্ত ছবিটি প্রদর্শনের ফলে ভবিষ্যৎ প্রজন্মসহ অন্যান্য দেশী-বিদেশী দর্শনার্থীগণ বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন সম্পর্কে জ্ঞান লাভ করিতে পারিবেন; এবং

যেহেতু, উক্ত ডিজিটাল ফিল্মটি গবেষণাধর্মী দৃষ্টিকোন থেকে একটি মূল্যবান দলিল হিসেবে ব্যবহৃত হইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ (১ক) এ প্রদত্ত ক্ষমতাবলে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্মের রি-ডুইং এর মূল্য পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য সমূদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/** ০৮/০৪/২০১৫
( মোহাম্মদ ফাইজুর রহমান )
প্রথম সচিব ( মূসক-অব্যাহতি)

প্রাপক ঃ

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।
তাঁহাকে উল্লিখিত আদেশ এর ৩০০(তিনশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৯.০৬.০০২.১২/276(22) তারিখঃ ০৮/০৪/২০১৫খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়।
২. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩-১৪. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্রগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/কুমিল্লা/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক) ঢাকা।
১৫-২০. কমিশনার, শুল্ক ভবন, ঢাকা/ চট্টগ্রাম/ মংলা/বেনাপোল/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
২১. মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় সরণী, ঢাকা।
২২. সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।

০৮/০৪/১৫

( মোহাম্মদ আরিফুল ইসলাম )
দ্বিতীয় সচিব (মূসক)
(আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৪১১
ই-মেইলঃ arifcustoms@yahoo.com